

ফাতওয়া নাম্বার: ১২২

প্রকাশকালঃ ১৯-১১-২০২০ ইং

ব্যাংক একাউন্টে জমাকৃত সুদের টাকার ব্যাপারে করণীয় কী?

প্রশ্ন:

প্রতি মাসে ব্যাংক আমাকে আমার জমাকৃত টাকার সঙ্গে যে পরিমাণ সুদ দেয়, তা থেকে দায়মুক্তির উদ্দেশ্যে সুদের সমপরিমাণ টাকা আমি সওয়াবের নিয়ত ছাড়া ফকির মিসকিনদেরকে দিয়ে দিই। কিন্তু আমার এক বন্ধু বলল, এভাবে করলে নাকি হবে না। সে বলল, ব্যাংক আমাকে যে টাকা সুদ হিসেবে দেয়, তা ব্যাংক থেকে কখনই উঠানো যাবে না। সুদের টাকা রেখে অবশিষ্ট টাকা উঠাতে হবে। এখন আমার প্রশ্ন- সুদের টাকা তো আমার একাউন্টেই থেকে যাচ্ছে। আমি এখন কি করতে পারি?

প্রশ্নকারী-শাহাবুদ্দিন শিহাব

ঠিকানা-অঞ্জাত

উত্তর:

اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله والصلاة والسلام على رسول الله، أما بعد:

আপনার একাউন্টে যে পরিমাণ সুদ জমা হয়েছে, তা ব্যাংকে না রেখে উঠিয়ে নিবেন। কারণ, না উঠালে সেই অর্থ তারা আবারও সুদি লেনদেনে ব্যবহারের করবে এবং অপরাধীরা আরো অপরাধের সুযোগ পাবে। সুতরাং

তা উঠিয়ে সওয়াবের নিয়ত ছাড়া, শুধু দায়মুক্তির উদ্দেশ্যে ফকির মিসকিনদের মাঝে সাদকা করে দিবেন।

উল্লেখ্য, ব্যাংক যেহেতু সুদি প্রতিষ্ঠান, তাই একান্ত বাধ্য না হলে তাতে টাকা রাখা শরীয়তে জায়েয নয়। কারণ, এতে সুদি প্রতিষ্ঠানের সহযোগিতা হয়। সুতরাং অর্থ হেফাজতের নিরাপদ কোনো ব্যবস্থা থাকলে ব্যাংকে টাকা রাখা যাবে না। অপারগ অবস্থায় রাখতে হলে সুদমুক্ত একাউন্টে রাখতে হবে। একান্ত অপারগ না হলে, সুদি একাউন্ট করে ওই সুদ গরিবদের মাঝে সাদকা করলেও সুদি চুক্তি করার গোনাহ ঠিকই হবে।

এ ব্যাপারে আপনি ৭৪ নং

(<https://fatwaa.org/2020/09/26/1887/>) ও ১০১ নং

(<https://fatwaa.org/2020/09/06/1668/>) ফতোয়া দুটি

দেখতে পারেন।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদী

اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

০১-০৪-১৪৪২ হি.

১৭-১১-২০২০ ইং

